গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.২৩.০০৪.১৯- ২৭৩৩

তারিখ: ০৮ কার্তিক, ১৪২৬।
২৪ অক্টোবর, ২০১৯।

**বিষয়: জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০১৯ প্রদান উপলক্ষে বাছাই প্রতিযোগিতা সম্পন্নকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী ও বিশেষ অবদান রাখার জন্য শিক্ষক-শিক্ষিকা, কাব শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, ব্যক্তি/প্রতিষ্ঠানের মাঝে প্রাথমিক শিক্ষা পদক ২০১৯ প্রদান উপলক্ষে পূর্বের ১৯টি আইটেমের সাথে নতুন ০২টি আইটেমসহ ("শ্রেষ্ঠ শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়" ক্যাটাগরীর পরিবর্তে "শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়" ও "শ্রেষ্ঠ সহকারী শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়" এবং "শ্রেষ্ঠ শিক্ষিকা, প্রাথমিক বিদ্যালয়" ক্যাটাগরীর পরিবর্তে "শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা, প্রাথমিক বিদ্যালয় ও "শ্রেষ্ঠ সহকারী শিক্ষিকা, প্রাথমিক বিদ্যালয়") মোট ২১টি আইটেমে বাছাই প্রতিযোগিতাসমূহ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ক) | উপজেলা/থানা পর্যায় | : | ০৩-০৫ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে |
| খ) | জেলা/সিটি কর্পোরেশন পর্যায় | : | ০৩-০৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে |
| গ) | বিভাগ পর্যায় | : | ২২-২৪ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে |

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকৃত (www.dpe.gov.bd) প্রাথমিক শিক্ষা পদক প্রদান নীতিমালা অনুসরণপূর্বক বর্ণিত সময়সূচি অনুযায়ী পূর্বের ন্যায় একই ছকে প্রধান ও সহকারী উভয় ক্যাটাগরীর শিক্ষক-শিক্ষিকার বাছাইসহ সকল বাছাই প্রতিযোগিতা যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২৪.১০.১৯

ড. এ এফ এম মনজুর কাদির
মহাপরিচালক

বিতরণ:
১। চেয়ারম্যান, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৩। জেলা প্রশাসক (সকল), .....।
৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ (বিষয়টি তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রাথমিক শিক্ষা পদক প্রদান নীতিমালা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ....., জেলা: .....।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা: .....।
৮। সুপারিনটেনডেন্ট (সকল), ..... পিটিআই, জেলা: .....।
৯। উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল), উপজেলা/থানা: ....., জেলা: .....।
১০। উপজেলা/থানা রিসোর্স সেন্টার, (সকল), উপজেলা/থানা: ....., জেলা: .....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।